কুষ্টিয়ায় সারের দাম বেশি নেওয়ায় ব্যবসায়ীকে জরিমানা

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলায় কৃষকদের কাছ থেকে অতিরিক্ত মূল্যে কীটনাশক ও সার বিক্রি করায় এক ব্যবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

শুক্রবার দুপুরে উপজেলার ঘোড়ামারা বাজারে এই অভিযান চালানো হয়। অভিযানে নেতৃত্ব দেন দৌলতপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আব্দুল জব্বার।

এসময় তিনি জানান, বেশ কিছুদিন ধরে রাসায়নিক সার সরকার নির্ধারিত দামের চেয়ে বেশি দামে বিক্রি করে আসছিলেন। এছাড়াও ভেজাল ও নকল কীটনাশক বিক্রি করার অভিযোগে ঘোড়ামারা বাজারে অভিযান চালিয়ে এর সত্যতা পাওয়া যায়।

ভোড়ামারা বাজারে সুমি ট্রেডার্সের মালিককে ৫০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।তদারকিতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা

কুষ্টিয়ায় সারের দাম বেশি নেওয়ায় ব্যবসায়ীর জরিমানা

কুষ্টিয়া সদর উপজেলায় কৃষকদের কাছ থেকে রাসায়নিক সারের দাম বেশি নেওয়ায় এক ব্যবসায়ীকে ৪৫ হাজার টাকা জরিমানা করেছেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

বৃহস্পতিবার দুপুরে উপজেলার আইলচারার বাজারে এই অভিযান চালানো হয়। অভিযানে নেতৃত্ব দেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

এসময় তিনি জানান, বেশ কিছুদিন ধরে রাসায়নিক সার সরকার নির্ধারিত দামের চেয়ে বেশি দামে বিক্রি করে আসছিলেন।

এমন অভিযোগের ভিত্তিতে আইলচারা বাজারে অভিযান চালিয়ে এর সত্যতা পাওয়া যায়। আইলচারা বাজারে মেসার্স আর এস এন্টারপ্রাইজে গিয়ে দেখা যায় ইউরিয়া সার প্রতি কেজি ২২ টাকার পরিবর্তে ২৬ টাকা, এমওপি সার প্রতি কেজি ১৫ টাকার পরিবর্তে ৩০ টাকা, ডিএপি সার প্রতি কেজি ১৬ টাকার পরিবর্তে ১৮ টাকা, টিএসপি সার প্রতি কেজি ২২ টাকার পরিবর্তে ৩৫ টাকা মূল্যে বিক্রয় করছেন।

সরকার নির্ধারিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে সার বিক্রয়ের অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে মেসার্স আর এস এন্টারপ্রাইজের মালিক মোঃ সাইদুল ইসলামকে ৪৫ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

তদারকিতে সার্বিক সহযোগিতা প্রদান করেছেন কুষ্টিয়া সদর উপজেলা কৃষি অফিসার সৌতম কুমার শীল, কুষ্টিয়া জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীনসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

কার্পাসডাঙ্গায় বেশি দামে বিক্রি সার করায় জরিমানা

দামুড়হুদার কার্পাসডাঙ্গা বাজারে ভোক্তা পর্যায়ে বেশি দামে সার বিক্রি করার অপরাধে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়েছে।

ভ্রাম্যমাণ আদালতটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সানজিদা বেগম। মঙ্গলবার সকাল ১০টার দিকে তিনি এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এসময় কার্পাসডাঙ্গা ব্রিজ মোড়ে অবস্থিত মেসার্স হাসিবুর ট্রেডার্সের মালিক হাসিবুর রহমান হাসিব ভোক্তা পর্যায়ে বেশি দামে সার বিক্রি করছে এমন অভিযোগের ভিত্তিতে সার ব্যবস্থাপনা আইন ২০০৬ এর ১২ ধারা মোতাবেক দোষী প্রমাণিত হওয়ায় তাকে ১০

হাজার টাকা জরিমানা আদায় করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস ও দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি চৌকশ দল।

এসময় নির্বাহী ম্যাজিস্ট্রেট সানজিদা বেগম বলেন, কেউ যাতে কৃত্রিম সংকট দেখিয়ে সারের দাম বেশি না নিতে পারে, সে বিষয়ে তদারকি ও ভ্রাম্যমাণ আদালত জোরদার করা হবে।

মেহেরপুরে বেশি দামে সার বিক্রির দায়ে ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুরে বিএডিসি সার ডিলার মনিরুল ইসলাম এন্ড ব্রাদার্স নামের একটি প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে বেশি দামে ইউরিয়া ও টিএসপি সার বিক্রির দায়ে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে সদর উপজেলার বামনপাড়ায় এ অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

জাতীয় ভোক্তা অধিকার অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ জানান, বামনপাড়ায় বিএডিসি সার ডিলার মেসার্স মনিরুল ইসলাম এন্ড ব্রাদার্স নামক প্রতিষ্ঠানে তদারকিকালে সরকার নির্ধারিত মূল্যের অতিরিক্ত মুল্যে সার বিক্রয়ের প্রমাণ পাওয়া যায়। তাদের গোপন নথিপত্র চেক করে ১১০০ টাকার ইউরিয়া ১২৬০ টাকা ও ১১০০ টাকার টিএসপি সার ১৭৫০ টাকাসহ অন্যান্য সারও বেশি দামে বিক্রয়ের গোপন রশিদ জব্দ করা হয়।

তিনি আরো জানান, নির্ধারিত মূল্যের অধিক মুল্যে সার বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৪০ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়াও শহরের হোটেল বাজারের বেশ কয়েকটি দোকানে চাউল, তেলসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার তদারকি করা হয় এবং ক্রয় বিক্রয় ভাউচার ও মুল্যতালিকা তদারকি করা হয়। ব্যবসায়ীদের অযৌক্তিক মূল্যবৃদ্ধি ও অতিমুনাফার বিষয়ে সতর্ক করা হয়।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা মোঃ তারিকুল ইসলাম, সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তরিকুল ইসলাম ও পুলিশ লাইনের একটি টিম।

এ সংক্রান্ত আরো মেহেরপুরে দুই হোটেল ব্যবসায়ীর জরিমানা

মিরপুরে সারের দাম বেশি রাখায় ব্যবসায়ীকে ২৫ হাজার টাকা জরিমানা

কুষ্টিয়ার মিরপুরে সারের দাম বেশি রাখায় এক ব্যবসায়ীকে ২৫ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর।

বৃহস্পতিবার দুপুরে মিরপুর উপজেলার হালসা বাজারে এই অভিযান পরিচালনা করা হয়। অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

এসময় তিনি জানান, এক কৃষকের অভিযোগের ভিত্তিতে হালসা বাজারের মেসার্স মুন্সি ট্রেডার্স নামের একটি সার দোকানে অভিযান চালানো হয়। ইউরিয়া সার প্রতি বস্তা ১১০০ টাকা দরে কৃষকের নিকট বিক্রি না করে অন্য ব্যবসায়ীর নিকট ১২২০ টাকা দরে বিক্রয়।

এমওপি সার ৭৫০ টাকা বস্তার পরিবর্তে ১৪০০ টাকা দরে বিক্রয় করার অপরাধে মেসার্স মুন্সি ট্রেডার্স নামের একটি সার দোকান মালিককে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ২৫ হাজার টাকা জরিমানা করা হয়।

এই অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি। অভিযানে স্যানেটারী

ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীনসহ আইনশৃঙ্খলাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

কুমারখালীতে সারের দাম বেশি রাখায় ডিলারকে জরিমানা

কুষ্টিয়ার কুমারখালীতে সারের দাম বেশি রাখায় এক সাব ডিলার ডিলারকে ১০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট ও ইউএনও বিতান কুমার মন্ডল।

এক কৃষকের অভিযোগের ভিত্তিতে বৃহস্পতিবার দুপুরে উপজেলা রোডের মেসার্স কৃষি বিতরণী নামের সাব ডিলারের দোকানে অভিযান চালায় ভ্রাম্যমাণ আদালত।

এসময় ওই কৃষকের অভিযোগের সত্যতা পায় ভ্রাম্যমাণ আদালত। কৃষকের কাছ থেকে ফসলের উৎপাদন বৃদ্ধিতে ব্যবহৃত সিনজেনটা কোম্পানির থিয়োভিট সারের মোড়কে লেখা মূল্যের অতিরিক্ত ৪০ টাকা দাম বেশি বেশি রেখেছে ওই সাব ডিলার।

এসময় সাব ডিলার ফারুককে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ১০ হাজার টাকা জরিমানা করে ভ্রাম্যমাণ আদালত।

এ বিষয়ে উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট বিতান কুমার মন্ডল বলেন, এক কৃষকের অভিযোগের ভিত্তিতে আজ এক সাব ডিলারের দোকানে অভিযান চালিয়ে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। এই অভিযান অব্যাহত থাকবে।